“আমি স্ত্রীলোকের হাতে হাত মিলাই না। কেননা একজন নারীকে আমার বলাটা একশত নারীকে বলার মত

রুকাইকার মেয়ে উমাইমা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: আমি কয়েকজন আনসারী নারীর সাথে রাসূলুয়াহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বায়’আত গ্রহণের জন্য উপস্থিত হই। আমরা আরয করলামঃ ইয়া রাসুলাল্লাহ! আমরা আপনার নিকট একথার উপর বায়আত করছি যে, আমরা আল্লাহ তা’আলার সাথে কাউকে শরীক করবো না, চুরি করবো না, ব্যভিচার করবো না, হাত-পায়ের মধ্যে অপবাদ রচনা করবে না, ভাল কাজে আপনার নাফরমানী করবো না। তিনি বললেনঃ “তোমরা এও বল যে, আমাদের দ্বারা যতটুকু সম্ভব”। উমায়মা বলেন, আমরা
বললামঃ আল্লাহ এবং আল্লাহর রাসূল আমাদের প্রতি কত মেহেরবান। আমরা বললামঃ ইয়া রাসূলাল্লাহ! আসুন, আমরা আপনার হাতে বায়আত করবো। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “আমি স্ত্রীলোকের হাতে হাত মিলাই না। কেননা একজন নারীকে আমার
বলাটা একশত নারীকে বলার মত, অথবা একজন নারীর জন্য আমার কথার মত”।
[সহীহ] [এটি তিরমিযী, নাসায়ী ও ইবনে মাজাহ বর্ণনা করেছেন।]

উমাইমা বিনতে রুকাইকা রাদিয়াল্লাহু আনহা বর্ণনা করেন যে, তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে কিছু আনসারী মহিলার সাথে এই মর্মে বাইয়াত করতে এসেছেন যে, তারা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না, চুরি করবে না, ব্যভিচার করবে না, হাত-পায়ের মধ্যে অপবাদ রচনা করবে না এবং ভালো কাজে তাঁর অবাধ্য হবে না। তাই তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: যতটা তোমরা পারবে এবং সামর্থ্য রাখবে। আমরা বললাম: আল্লাহ এবং তাঁর রাসূল আমাদের প্রতি আরও দয়ালু। আসুন, হে আল্লাহর রাসূল, আমরা আপনার কাছে পুরুষদের মতো হাত মেলানোর মাধ্যমে বায়আত (শপথ) করি। ফলে তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: আমি নারীদের সাথে মুসাফা (করমর্দন) করি না, কিন্তু একশ নারীর প্রতি আমার কথা ও আনুগত্যের অঙ্গীকার একজন নারীর প্রতি আমার কথার মতো।

http://www.sunnah.global/hadeeth/bn/show/66196